দৈনিক ইত্তেফাক

২১/৩/২০০৩

তারিখ ... ... ... ... ... ...
পৃষ্ঠা ... ৬ ... কলাম ... ...

# মাদ্রাসা বোর্ডের ১৯ হাজার ভুয়া পরীক্ষার্থী ও সংশ্লিষ্টদের বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হইতেছে

চলনবিল সংবাদদাতা ॥ গত বছর মাদ্রাসা বোর্ডের দাখিল পরীক্ষায় ধরা পড়া ১৯ হাজার ভুয়া পরীক্ষার্থী এবং সংশ্লিষ্ট প্রতিষ্ঠান প্রধানদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের প্রক্রিয়া শুরু করা হইয়াছে।

জানা যায়, যেখানে-সেখানে গজাইয়া উঠা মাদ্রাসা সুপার ও দুর্নীতিবাজ বোর্ড কর্মচারীদের যোগসাজশে ভুয়া রেজিস্ট্রেশনের মাধ্যমে পরীক্ষায় অংশগ্রহণের কারণে গত বছর ২২ হাজার পরীক্ষার্থীর ফলাফল স্থগিত করা হয়। পরে যাচাই-বাছাই করিয়া ৩ হাজার পরীক্ষার্থীর ফলাফল ঘোষণা করিয়া বাকীদের ভুয়া পরীক্ষার্থী হিসাবে চিহ্নিত করিয়া তাহাদের ফলাফল বাতিল করা হয়।

যাচাই বাছাই কমিটির তদন্তে ধরা পড়ে ঐ সকল পরীক্ষার্থী মাদ্রাসার ছাত্র নহে। তাহারা ছিল হাইস্কুলের ছাত্র-ছাত্রী। তাহাদের পাস করার আশা না থাকায় তাহারা দুর্নীতিবাজ মাদ্রাসা সুপারদের সহিত যোগাযোগ করিয়া পরীক্ষা দেওয়ার জন্য ভুয়া রেজিস্ট্রেশন কার্ড তৈরী করে এবং ফরম পূরণ করিয়া পরীক্ষায় অংশগ্রহণ করে। এ ঘটনার সাথে জড়িত মাদ্রাসা বোর্ডের রেজিস্ট্রেশন শাখার কতিপয় দুর্নীতিবাজ কর্মচারী ইতিমধ্যে ১৯ হাজার পরীক্ষার্থী এবং সংশ্লিষ্ট মাদ্রাসা সুপারদের নিকট কারণ দর্শানোর নোটিস পাঠানো হইয়াছে। দুর্নীতিতে জড়িতদের বিরুদ্ধে প্রশাসনিক পদক্ষেপ গ্রহণের সিদ্ধান্ত গ্রহণ করা হইয়াছে। দুর্নীতিবাজ সুপার ও বোর্ড কর্মচারীরা ব্যাপারটি ধামাচাপা দেওয়ার জন্য জোর প্রচেষ্টা চালাইতেছে বলিয়া জানা যায়।